প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশটের ফ্যামিলি গাইড

প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশটে কী তথ্য থাকে? প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশট আপনাকে নিউ ইয়র্ক সিটিব্যাপী প্রতিটি প্রি-কে ফর অল কর্মসূচির মানের বিভিন্ন দিক বুঝতে সহায়তা করতে পারে। আমাদের লক্ষ্য আপনার সন্তান এবং পরিবারের চাহিদা সর্বাধিক পূরণ করে এমন একটি কর্মসূচি বেছে নেয়ায় আপনাকে সহায়তা করা।

স্ন্যাপশট হলো মান সম্পর্কে জানার অনেকগুলো উপায়ের একটি। আমরা আপনাকে প্রি-কে কর্মসূচি পরিদর্শন করতে, প্রি-কে লিডার ও শিক্ষকদের সাথে কথা বলতে এবং প্রি-কে নিয়ে অন্যান্য পরিবারের অভিজ্ঞতা জানতে তাদের সাথে কথা বলতে উৎসাহিত করি।

আমি কীভাবে প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশট ব্যবহার করতে পারি? প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশট কর্মসূচির মান সম্পর্কিত তথ্যের একটি উৎস যা আপনি প্রি-কে তে আবেদনের সিদ্ধান্ত নেওয়ার সময়ে ব্যবহার করতে পারেন। একটি উঁচুমানের কর্মসূচির সঙ্গে বহু উপাদান যুক্ত থাকে এবং স্ন্যাপশট হচ্ছে একস্থানে কিছু গুরুত্বপূর্ণ মূল্যায়ন ও সমীক্ষার তথ্য দেখার সহজ উপায়।

আমরা আপনাকে প্রতিটি প্রি-কে কর্মসূচি সম্পর্কে আরও ভালো বুঝতে আপনার আগ্রহের প্রি-কে কর্মসূচি পরিদর্শনে এবং কর্মসূচির লিডার ও শিক্ষকদের সাথে কথা বলতেও উৎসাহিত করি। কর্মসূচির কর্মীগণ নির্দিষ্ট কর্মসূচির শক্তিশালী দিকগুলি সম্পর্কে আপনাকে বলতে সক্ষম হবে। আমরা এটিও প্রত্যাশা করি যে কর্মসূচি লিডারগণ স্ন্যাপশট সম্পর্কে প্রশ্নের জবাব দেবেন।

কর্মসূচি সম্পর্কে কর্মসূচির লিডার এবং শিক্ষকদের জিজ্ঞেস করতে পারেন এমন পরামর্শকৃত প্রশ্নের তালিকার জন্য http://schools.nyc.gov/Academics/EarlyChildhood/parentfamilies সাইট দেখুন।

আমি কীভাবে প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশটে ঢুকতে পারি? প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশটে ঢুকতে হলে:

- প্রি-কে ফাইন্ডার দেখুন maps.nyc.gov/preK
- আপনি জানতে আগ্রহী এমন প্রি-কে কর্মসূচিতে ক্লিক করুন
- "প্রি-কে স্ন্যাপশট"-বাটনে ক্লিক করুন।

ইংরেজি ব্যতীত অন্য ভাষায় সহায়সঙ্গতির জন্য দেখুন schools.nyc.gov/Academics/EarlyChildhood/parentfamilies।

প্রি-কে কোয়ালিটি দেখতে কেমন? গবেষণায় দেখা গেছে, যেসব শিক্ষার্থীর উচ্চ-মানসম্পন্ন প্রি-কে অভিজ্ঞতা রয়েছে তারা এলিমেন্টারি স্কুলে ভালো করেছে এবং তাদের হাই স্কুল এবং কলেজ গ্রাজুয়েট হবার সম্ভাবনাও বেশি। উচ্চ-মানসম্পন্ন প্রি-কে-তে, শিক্ষার্থীরা খেলাধুলা, অনুসন্ধান, এবং শিক্ষক ও সহপাঠীদের সাথে সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে শিক্ষালাভ করে। প্রি-কে শিক্ষকগণ এভাবে ক্লাসরুম সাজান যাতে শিক্ষার্থীরা খেলনা ও বিভিন্ন সরঞ্জাম ব্যবহার করতে পারে, ক্ষুদ্র গ্রুপে কাজ করতে সক্ষম হয়, এবং বছরের সবসময় স্বনির্ভর হতে শেখে। প্রি-কে এমন একটি সময় যখন শিক্ষার্থীরা একসাথে খেলতে, শেয়ার ও পালাক্রমে কাজ করতে শেখে, এবং কথায় নিজেদের চিন্তা ও অনুভূতির প্রকাশ ঘটায়। শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের খেলনা এবং অন্যান্য সরঞ্জাম ব্যবহার করে স্কুলের ভিতরে এবং বাইরে নানান জিনিস তৈরি, অভিনয়, ড্রইং এবং খেলাধুলা করে। তারা প্রশ্ন জিজ্ঞেস করতে এবং নতুন চিন্তা-ভাবনার উন্মেষ ঘটাতে শেখে। প্রি-কে কর্মসূচিগুলো স্কুলে, বাড়িতে ও জীবনে সফল হওয়ার জন্য ছেলেমেয়েদেরকে শক্ত ভিত্তি গড়ে দেয়।

সকল প্রি-কে কর্মসূচি, এর অন্তর্ভুক্ত NYCDOE ডিস্ট্রিক্ট স্কুলস, প্রি-কে সেন্টার, নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC), এবং চার্টার স্কুলগুলোকে অভিন্ন Pre-K for All Program Quality Standards মান অনুসারে বিচার করা হয়।

আমরা স্ন্যাপশটে কীভাবে মান নিরুপণ করতে পারি? স্ন্যাপশটের মধ্যে রয়েছে পরিবার ও শিক্ষকদের জন্য NYC স্কুল সমীক্ষার ফলসহ কর্মসূচি মূল্যায়নগুলোর উপাত্ত। প্রি-কে ক্লাসরুমের কার্যক্রম পর্যবেক্ষণের নিরিখে "কর্মসূচি মূল্যায়ন" করা হয়। NYCDOE মূল্যায়ন বিশেষজ্ঞরা

PRE-K FOR ALL
NYC Department of Education

মান নিরূপণেএবং কর্মসূচিগুলোকে তাদের মূল্যায়ন নম্বর দেওয়ার ব্যাপারে প্রশিক্ষণপ্রাপ্ত। মূল্যায়ন বিশেষজ্ঞরা নিচের তিনটি নিরূপ উপকরণ ব্যবহার করেন:

- **ক্লাসরুম অ্যাসেসমেন্ট স্কোরিং সিস্টেম (CLASS)** হচ্ছে একটি জাতীয় উপকরণ যা প্রি-কে ক্লাসরুমগুলোয় শিক্ষক ও ছেলেমেয়েদের মধ্যে কী ধরনের বিনিময় হয়ে থাকে সেটি পর্যবেক্ষণ করে।
- **আর্লি চাইল্ডহুড এনভায়রনমেন্ট রেটিং স্কেল (ECERS-R)** হচ্ছে একটি জাতীয় উপকরণ যা প্রি-কের শিক্ষণ পরিবেশ পর্যবেক্ষণ করে। এর মধ্যে রয়েছে ক্লাসরুম ও খেলার মাঠের নকশা, শিক্ষার্থীদের তত্ত্বাবধানের ধরন, তাদের ব্যবহৃত সামগ্রী এবং খেলার সময়পরিসর।
- **কোয়ালিটি রিভিউ** হচ্ছে NYCDOE প্রণীত একটি প্রক্রিয়া যা শিক্ষার্থীদের শিক্ষণ এবং শিক্ষকদের অনুশীলনে সহায়তার জন্য ডিস্ট্রিক্ট স্কুলগুলেঅ কতটা সংগঠিত সেটি পর্যবেক্ষণ করে। কোয়ালিটি রিভিউ পুরো স্কুলের মান নিরীক্ষণ করে, শুধু প্রি-কে কর্মসূচির নয়।

CLASS, ECERS-R এবং কোয়ালিটি রিভিউ প্রতিটি কর্মসূচির জন্য প্রত্যেক বছর অনুষ্ঠিত হয় না, তবে প্রতিটি মূল্যায়ন অনষ্ঠানের তারিখসহ আপনি স্ন্যাপশটে গত তিন স্কুলবছরের সর্বসাম্প্রতিক তথ্য পাবেন।

স্ন্যাপশটের রেটিংগুলো কী অর্থ বহন করে? একটি কর্মসূচির শক্তিশালী এবং উন্নতির দিকগুলি কীভাবে দেখাতে পারি তা আমরা বার রেটিংয়ের মাধ্যমে প্রদর্শন করতে পারি। CLASS এবং ECERS-R মূল্যায়ন দ্বারা নিরূপিত ক্ষেত্রেগুলোর বেলায় ফলাফল চারটি বার রেটিং স্কেলে দেখানো হয়। চারটি বারের অর্থ কমর্সূচিটি ওই ক্ষেত্রে "চমৎকার," তিনটি বারের অর্থ "ভালো," দুইটি বারের অর্থ "মোটামুটি," এবং একটি বারের অর্থ "খারাপ।" প্রি-কে কোয়ালিটি স্ন্যাপশটে বার রেটিংগুলো উপর্যুক্ত কর্মসূচি মূল্যায়নের ভিত্তিতে তৈরি।



NYC স্কুল সমীক্ষা দ্বারা নিরুপিত ক্ষেত্রগুলোর বেলায় স্ন্যাপশট দেখায় কত শতাংশ পরিবার প্রশ্নটির ইতিবাচক উত্তর দিয়েছে।

প্রি-কে মানের স্ন্যাপশট আপনাকে একটি রেটিং দেখায় যা উভয় নির্দিষ্ট কর্মসূচির জন্য এবং আরেকটি ডিস্ট্রিক্টের জন্য যেখানে কর্মসূচি অবস্থিত। এটি আপনাকে প্রতিটি কর্মসূচিকে কাছের অন্য একটি কর্মসূচির সাথে তুলনা করতে সাহায্য করে যাতে আপনার সন্তান এবং পরিবারের চাহিদা সবচেয়ে ভালোভাবে পূরণ করে তেমন কর্মসূচিটি খুঁজে নিতে আপনার সুবিধা হয়।

কোনও কোনও কর্মসূচির স্ন্যাপশট কেন নেই অথবা তাদের স্ন্যাপশটে "এন/এ" কেন লেখা? কোনও কর্মসূচির যদি স্ন্যাপশট না থাকার অর্থ হলো ওই কর্মসূচির জন্য আমাদের কাছে উপাত্ত নেই। যদি কোনও কর্মসূচির স্ন্যাপশটে "এন/এ" আসে তার অর্থ হচ্ছে ওই কর্মসূচি মূল্যায়নের উপাত্ত ওই নির্দিষ্ট বিষয়ে নেই। এটি প্রি-কে ফর অল এর নতুন কর্মসূচিগুলোর বেলায় হতে পারে।

"এন/এ" থাকা বা স্ন্যাপশট না থাকার এই অর্থ বহন করে না যে কর্মসূচিটি উচ্চমানের নয়; এর অর্থ আমরা এখনও এটি পরিমাপ করিনি।

সহায়ক লিংক

- Pre-K Application Information
- Pre-K Finder
- ফ্রেমওয়ার্ক ফর গ্রেট স্কুলস্
- Pre-K for All Program Quality Standards
- Program Assessments Information
- NYC School Survey
- Quality Review